দৈনিক ইত্তেফাক

তারিখ APR. 8 1999
পৃঃ ৩ কলাম ৬

143

# ইসলামী বিশ্ববিদ্যালয়ের ৮২ জন শিক্ষকের দাবী

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ গত মঙ্গলবার, ইসলামী বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ৮২ জন শিক্ষক এক যুক্ত বিবৃতিতে এ বছরের ডায়েরি হইতে লক্ষ্য-উদ্দেশ্য ও প্রতিষ্ঠাতা জিয়াউর রহমানের নাম সম্বলিত অংশ বাদ দেওয়ার তীব্র নিন্দা এবং উক্ত অংশ

(৭ম পৃঃ দ্রঃ)

## ইসলামী বিশ্ববিদ্যালয়ের

(৩য় পৃঃ পর)

সংযোজন করিয়া ডায়েরি পুনর্মুদ্রণ ও বিতরণের দাবী জানাইয়াছেন। বিবৃতিতে স্বাক্ষর করিয়াছেন প্রফেসর একিন উদ্দিন, ডাঃ আশরাফ আলী, ডাঃ মোশারফ হোসেন, আবুল কালাম পাটোয়ারী, ডঃ মোশাররাফ হোসেন, সরোয়ার জাহান, মতিনুর রহমান, রোকসানা মিলি, মাসুদা কামাল প্রমুখ। বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি গতকাল সকল শিক্ষককে উক্ত ডায়েরি প্রত্যাখ্যানের আহ্বান জানাইয়াছে।

**ছাত্রদলের ধর্মঘটে সাড়া নাই**

উক্ত ডায়েরিতে জিয়ার নাম সংযোজন, রাজনৈতিক নিষেধাজ্ঞা প্রত্যাহার ও ভিসির পদত্যাগের দাবীতে ছাত্রদল আহূত অনির্দিষ্টকালের ধর্মঘট ঈদের বিরতির পর গত রবিবার হইতে শুরু হইলেও তেমন সাড়া মিলিতেছে না। পুলিশ প্রহরায় কুষ্টিয়া হইতে বিশ্ববিদ্যালয়ের বাস চলাচল করার কার্যক্রম চলিতেছে। তবে ঝিনাইদহের সহিত ক্যাম্পাসের পরিবহন যোগাযোগ বন্ধ রহিয়াছে।